# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**16 MAY 2026** **7:45—7:55 PM**

---

(১) রাজ্যে শিল্প প্রতিষ্ঠান অনুকূল পরিবেশ বাইরের প্রতিষ্ঠানকে আসামের প্রতি আকর্ষিত করে তুলেছে বলে মূখ্যমন্ত্রীর প্রকাশ ।

(২) মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার অধ্যক্ষতায় আজ খনি ও খনিজ বিভাগের এক পর্যালোচনা বৈঠক ।

(৩) রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন তথা আবগারী মন্ত্রী অতুল বরার আজ সবকটি বিভাগের কাজকর্ম নিয়ে পর্যালোচনা ।

এবং

(৪) জাতীয় ডেংগু দিবস উপলক্ষ্যে রাজ্যের বিভিন্ন জেলায় সচেতনতামূলক সভা ।

-----------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা বলেছেন যে রাজ্যে শিল্প প্রতিষ্ঠার অনুকূল পরিবেশ বাইরের শিল্প প্রতিষ্ঠানগুলোকে আসামের প্রতি আকর্ষিত করে তুলছে এবং নতুন নতুন কোম্পানী আসামে তাদের কার্যালয় স্থাপন করছে ।দিসপুরে আজ দেশের প্রথম কৃত্রিম বুদ্ধিমত্তা পরিচালিত ফিজিট্যাল স্লাইস বেংকের মুখ্য শাখা উদ্বোধন করে মুখ্যমন্ত্রী বলেন যে শান্তি ও উন্নয়নের জন্য জাতীয় পর্যায়ের বৃহৎ প্রতিষ্ঠান সমুহ আসামে নিজেদের কার্যালয় স্থাপন করছে । এই পরিবেশের ধারাবাহিকতা অব্যাহত রাখতে পারলে রাজ্যের ছেলেমেয়েদের বাইরে গিয়ে কাজ করতে হবেনা বলে তিনি মন্তব্য করেন ।ডঃ শর্মা বলেন -----------

# বাইট - সি এম #

তিনি বলেন যে গুয়াহাটীতে দেশের প্রথম ফিজিট্যাল এবং কৃত্রিম বুদ্ধিমত্তা চালিত বেংকের শাখা স্থাপন করা দেশের বেংকিং ক্ষেত্রের ভবিষ্যৎ নিরুপণ করার ক্ষেত্রে আসামের পূর্ণ প্রস্তুতিকে দর্শায় ।রাজ্যসরকার আসামকে দায়িত্বশীল এবং প্রযুক্তি চালিত বিনিয়োগের মূল কেন্দ্র হিসেবে গড়ে তুলতে প্রতিশ্রুতিবদ্ধ বলে তিনি মন্তব্য করেন ।

---------------------------------------------------------------------------------------

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মার অধ্যক্ষতায় আজ খনি ও খনিজ বিভাগের এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় । বৈঠকে ভু-তত্ব ও খনন সঞ্চালকালয় ,এম এম ডি সি এন এল এবং এ এইচ ই সি এলের কাজকর্মের পর্যালোচনা করা হয় । বৈঠকে এই বিভাগসমূহের গত পাঁচ বছরে লাভ করা সাফল্য এবং পরবর্তী পাঁচ বছরের জন্য গ্রহণ করা উন্নয়নমূলক কাজকর্মের পরিকল্পনা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয় । এছাড়াও খনন খন্ডের সংস্কার ,খনির নিলাম ,রাজস্ব বৃদ্ধির পরিকল্পনা ,খনির লিজ ব্যাবস্থাপনা এবং দুর্লভ খনিজ সম্পদের অন্বেষণের বিষয় নিয়েও বৈঠকে আলোচনা করা হয় ।

---------------------------------------------------------------------------------------

ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশন আগামী ২১ শে মে থেকে অনুষ্ঠিত হবে । অধিবেশনের প্রথম দিন অস্থায়ী অধ্যক্ষ চন্দ্রমোহন পাটোয়ারী নবনির্বাচিত বিধায়কদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করাবেন । অধিবেশনের দিন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে বিধানসভায় বিরোধী দলপতি থাকবেন কি না এ নিয়ে জল্পনা কল্পনা আরম্ভ হয়েছে । আগে বিরোধি দলপতির মর্যাদা লাভ করতে ২১ জন সদস্যের প্রয়োজন থাকলেও সংশোধনীর মাধ্যমে এই সংখ্যা ১৩ পর্যন্ত হ্রাস করা হয়েছে বলে আজ বিধানসভার সচিব দুলাল পেগু জানান ।  তিনি বলেন যে বিরোধী দলপতি দেওয়া না দেওয়া সম্পর্কে অধ্যক্ষ সিদ্ধান্ত নেবেন । উল্লেখ্য সাম্প্রতিক নির্বাচনে বিজেপি নিরংকুশ সংখ্যাগরিষ্ঠতা লাভ করার বিপরীতে কংগ্রেস ১৯ টি আসন লাভ করতে সমর্থ হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন , আবগারী , সীমান্ত সুরক্ষা ও উন্নয়ন তথা আসাম চুক্তি রূপায়ন দপ্তরের দায়িত্বপ্রাপ্ত মন্ত্রী অতুল বরা আজ সবকটি বিভাগের কাজকর্ম পর্যালোচনা করার জন্য প্রথম বৈঠকে মিলিত হন । তিনি পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগের অধীনে রূপায়িত বিভিন্ন প্রকল্প এবং কার্যসূচীর অবস্থান সম্পর্কে খতিয়ে দেখেন । আত্মসহায়ক গোষ্ঠিগুলির প্রচেষ্টায় রাজ্যজুড়ে ৯ লক্ষ মহিলা লাখপতি দিদিতে

পরিণত হওয়ার বিষয়টি এক ইতিবাচক দিক বলে তিনি মন্তব্য করেন । এই সম্পর্কে তিনি সাংবাদিদের জানান যে --------------

# বাইট -অতুল বরা #

-----------------------------------------------------------------------------------------

ত্রিপুরায় শান্তি-শৃঙ্খলা পরিকাঠামো সুদৃঢ় করার উদ্দেশ্যে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয় আনুষ্ঠানিকভাবে একটি অতিরিক্ত ভারত সংরক্ষিত ব্যাটেলিয়ন গঠনে অনুমোদন জানিয়েছে । কেন্দ্রীয় সরকার এই ব্যাটেলিয়ন গঠনের জন্য ৫০ কোটি টাকা এবং পরিকাঠামো উন্নয়নের জন্য ৩০ কোটি টাকার এককালীন আর্থিক অনুদানে মঞ্জুরী দিয়েছে । এই নতুন ব্যাটেলিয়ন সন্ত্রাসবাদ বিরোধি অভিযান তথা সীমান্ত সুরক্ষায় বিশেষ গুরুত্ব আরোপ করবে । কেন্দ্রীয় সরকারের প্রয়োজন সাপেক্ষে এই জওয়ানদের দেশের যেকোনো স্থানে নিয়োজিত করার অধিকার থাকবে । এদিকে রাজ্যের মূখ্যমন্ত্রী মানিক সাহা আশা কর্মীদের কল্যাণের প্রতি সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে জানিয়েছেন ।

-----------------------------------------------------------------------------------------

আজ জাতীয় ডেঙ্গু দিবস । এই দিবস পালনের মাধ্যমে জনসাধারণের মধ্যে ডেঙ্গু সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা এবং এই রোগ প্রতিরোধের উপায় সম্পর্কে জনসাধারণকে অবগত করার প্রয়াস করা হচ্ছে । এই দিবসের মাধ্যমে মশার প্রজনন রোধ করার জন্য আবদ্ধ জল নিষ্কাষণ , জলের টেংকগুলির সঠিক তদারকি ইত্যাদি বিষয়ের ওপর গুরুত্ব আরোপ করা হয় ।কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা ডেঙ্গু রোগের বিষয়ে এবং নিজেদের চারপাশ পরিস্কার করে রাখার ক্ষেত্রে সচেতনতা গড়ে তুলতে জনসাধারণের প্রতি আহ্বান জানান ।
রাজ্যের বিভিন্ন প্রান্তেও আজ জাতীয় ডেঙ্গু দিবস উপলক্ষে সচেতনতামূলক কার্যসূচী গ্রহণ করা হয় ।
হাইলাকান্দি জেলা স্বাস্থ্যবিভাগের উদ্যোগে আজ হরকিশোর মাধ্যমিক বিদ্যালয়ে সচেতনতা সভার আয়োজন করা হয় । সভায় ছাত্রছাত্রীদেরকে ডেঙ্গু রোগের কারণ , লক্ষণ এবং এই রোগ প্রতিরোধের উপায় সম্পর্কে অবগত করানো হয় । এছাড়া শিক্ষার্থীদের বিনামূল্যে রক্ত পরীক্ষারও ব্যবস্থা করা হয় ।সভায় বিভিন্ন বক্তা পরিস্কার পরিচ্ছন্নতা বজায় রাখা , ঘরের চারপাশে জল জমা হতে না দেওয়া , ডেঙ্গু প্রতিরোধের জন্য জনসচেতনতা বৃদ্ধি করার উপর গুরুত্ব আরোপ করা হয় ।

-----------------------------------------------------------------------------------------

ক্রমাগত বৃষ্টিপাতের ফলে জলাবদ্ধতা ও জনসাধারণের সমস্যাগুলির বিষয়ে খোঁজ খবর নিতে আজ উত্তর-করিমগঞ্জ বিধানসভা কেন্দ্রের নবনির্বাচিত বিধায়ক জাকারিয়া আহমেদ

বদরপুর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্র সহ বদরপুর বুন্দাশীল ,দেওরাইল এবং দিঘিরপার এলাকার বিভিন্ন স্থান পরিদর্শন করেন । এরপর তিনি স্থানীয় বাসিন্দাদের সঙ্গে আলোচনা করে দ্রুত জমা জল নিষ্কাশনের ব্যাবস্থা গ্রহণ সহ দীর্ঘমেয়াদী স্থায়ী সমাধানের আশ্বাস দেন ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলা মহিলা কংগ্রেসের এক প্রতিনিধি দল আজ জেলা আয়ুক্ত আয়ুষ গর্গের সঙ্গে সাক্ষাৎ করে জেলার বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করেন ।এবং এই সমস্যাগুলো দ্রুত সমাধানের দাবী সম্বলিত এক স্মারকপত্র  মুখ্যমন্ত্রীর উদ্দেশ্যে প্রেরণ করেন । স্মারকপত্রে শিলচর শহরাঞ্চলের জলাবদ্ধতা ও কৃত্রিম বন্যার স্থায়ী সমাধান , জেলার রাস্তাঘাটের সংস্কার বিশেষ করে লক্ষীপুর , উধারবন্দ  , ধলাই , সোনাই , কাটিগড়া , বড়খলা বিধানসভা এলাকার সঙ্গে শিলচর সংযোগী সড়কগুলি তথা শিলচর - কালাইন সড়ক জরুরী ভিত্তিতে সংস্কার করার দাবী জানানো হয় ।জেলা আয়ুক্ত প্রতিনিধি দলের বক্তব্য শুনে উত্থাপিত বিষয়গুলোকে সর্বোচ্চ অগ্রাধিকার দেওয়া হবে বলে জানান এবং আগামী দুমাসের মধ্যে সমস্যাগুলো সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার আশ্বাস দেন ।

---------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলা শ্রম আয়োগের কার্যালয় শিশু পাচার রোধে জনসচেতনতা বৃদ্ধি করতে ‘নীরব আর্তনাদ : শিশু পাচারের অমানবিক সত্য উন্মোচন ’ শীর্ষক বিশেষ সতর্ক বার্তা জারি করেছে । শ্রম কল্যাণ বিভাগের পক্ষ থেকে প্রকাশিত এই সতর্ক বার্তায় কোন বাড়িতে অস্বাভাবিক সংখ্যক শিশুর উপস্থিতি , শিশুদের ভীত বা অপুষ্ট ইত্যাদি কোন সন্দেহজনক লক্ষণ দেখলে অথবা শিশু পাচারের কোন সন্দেহজনক ঘটনা চোখে পড়লে পার্শ্ববর্তী থানায় খবর দিতে অথবা টোল ফ্রি চাইল্ডলাইন নম্বর ১০৯৮ এ ফোন করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রাল ও লায়ন্স চক্ষু হাসপাতাল শিলচরের উদ্যোগে এবং লায়ন্স ক্লাব অফ বদরপুর গ্রেটারের ব্যাবস্থাপনায় আগামী সোমবার বদরপুর দেবেন্দ্র নগরে বি ভি সি এল স্বাস্থ্য কেন্দ্রে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরে কেবল ২২৫ জন রোগী দেখা হবে । শিবিরটি সকাল ১০ টা থেকে দুপুর দুটো পর্যন্ত অনুষ্ঠিত হবে । ইচ্ছুক ছানি পড়া দুঃস্থ রোগীদের ওই দিন সকাল ৮ টার পর শিবিরে উপস্থিত থেকে ক্রমিক নম্বরের টোকেন সংগ্রহ করতে বলা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------